

FEB. 10 2002

স্বাধীন

তারিখ

পৃষ্ঠা

২

কলাম

কিডারগার্টেন সম্পর্কে শিক্ষামন্ত্রী

## জাতীয়তাবাদী চেতনার পরিপন্থী পাঠ্য পুস্তক পড়ানো হলে শো-কজ

যুগান্তর রিপোর্ট

শিক্ষামন্ত্রী ড. ওসমান ফারুক গতকাল জাতীয় সংসদে বলেন, দেশের অনেক কিডারগার্টেনে এমন কিছু পাঠ্যপুস্তক ছাত্রছাত্রীদের পড়ানো হচ্ছে যা জাতীয়তাবাদী চিন্তা-চেতনার পরিপন্থী। রাজধানীর কয়েকটি কিডারগার্টেনের পাঠ্যক্রমভুক্ত পাঠ্যপুস্তক পরীক্ষা-নিরীক্ষা করে দেখা গেছে অনেক বইতে এমন সব তথ্য সন্নিবেশিত হয়েছে যা বাংলাদেশের সামাজিক পরিবেশের সঙ্গে সঙ্গতিপূর্ণ নয়। মন্ত্রী জানান, যেসব কিডারগার্টেনে এ ধরনের পাঠ্যপুস্তক পড়ানো হচ্ছে তাদের শো-কজ করা হচ্ছে। সরকার কিডারগার্টেনগুলোকে সরাসরি পর্যবেক্ষণে আনার সিদ্ধান্ত নিয়েছে। কিডারগার্টেনগুলোর পাঠ্যক্রম পরীক্ষা-নিরীক্ষা করে আপত্তিকর কোন বিষয় শিক্ষার্থীদের শিক্ষা দেয়া হচ্ছে বলে প্রমাণিত হলে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের রেজিস্ট্রেশন বাতিল করা হবে।

**জুলাই থেকে শিক্ষার জন্য বৃত্তি**

আগামী জুলাই থেকে দেশের সব মাদ্রাসাসহ প্রাথমিক বিদ্যালয়ে এক সন্তান বিশিষ্ট দরিদ্র পরিবারের ছাত্রছাত্রীদের মাসিক ১০০ টাকা ও একাধিক সন্তান বিশিষ্ট দরিদ্র পরিবারের ছাত্রছাত্রীদের মাসিক ১২৫ টাকা হারে উপবৃত্তি দেয়া হবে।

সংসদে গণশিক্ষা বিভাগের দায়িত্বপ্রাপ্ত মন্ত্রী হিসাবে স্বাস্থ্যমন্ত্রী ড. খন্দকার মোশাররফ হোসেন এই তথ্য জানান।